গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
বাণিজ্য মন্ত্রণালয়
কেন্দ্রীয় ডিজিটাল কমার্স সেল
বাংলাদেশ সচিবালয়
www.mincom.gov.bd

নম্বর-২৬.০০.০০০০.১১৬.২২.০০১.২১-১৮৬

তারিখ: ১৫ আষাঢ় ১৪২৯
২৯ জুন ২০২২

**বিষয়:** ডিজিটাল বিজনেস আইডেনটিটি (ডিবিআইডি) নিবন্ধন নির্দেশিকা ২০২২ এর গেজেট প্রকাশ প্রসঙ্গে।

উপর্যুক্ত বিষয়ালোকে জানানো যাচ্ছে যে, সরকার জাতীয় ডিজিটাল কমার্স নীতিমালা ২০১৮ (২০২০ সালে সংশোধিত)" এর অনুচ্ছেদ ৩.৩.৬ অনুসারে প্রস্তুতকৃত ''ডিজিটাল বিজনেস আইডেনটিটি (ডিবিআইডি) নিবন্ধন নির্দেশিকা ২০২২" অনুমোদন করেছেন এবং তা পরিপত্র নং ২৬.০০.০০০০.১১৬.২২.০০১.২১-১৮৪ তারিখ: ১৫ আষাঢ় ১৪২৯ বঙ্গাব্দ, ২৯ জুন ২০২২ খ্রিষ্টাব্দ মূলে প্রকাশ করা হয়েছে।

০২। এমতাবস্থায়, "ডিজিটাল বিজনেস আইডেনটিটি (ডিবিআইডি) নিবন্ধন নির্দেশিকা ২০২২" অতিসত্বর গেজেটে প্রকাশ করে ৫০০ (পাঁচশত) কপি (হার্ড কপি) অত্র মন্ত্রণালয়ে প্রেরণ করার জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

২৯/০৬/২০২২
মুহাম্মদ সাঈদ আলী
উপসচিব
মোবাইল: +৮৮০১৮১৯৮১০৩০৩
Email: ecommerce@mincom.gov.bd

উপপরিচালক (উপসচিব)
বি.জি. প্রেস, তেজগাঁও, ঢাকা-১২০৮

অনুলিপি সদয় অবগতির জন্য প্রেরণ করা হলো:

১. সচিব মহোদয়ের একান্ত সচিব, বাণিজ্য মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
২. মহাপরিচালক, WTO সেল মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, বাণিজ্য মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৩. পরিচালক-৩ (যুগ্মসচিব), WTO সেল মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, বাণিজ্য মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৪. অফিস কপি।

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
বাণিজ্য মন্ত্রণালয়
কেন্দ্রীয় ডিজিটাল কমার্স সেল
বাংলাদেশ সচিবালয়
www.mincom.gov.bd

**প্রজ্ঞাপন**

নম্বর-২৬.০০.০০০০.১১৬.২২.০০১.২১-১৮৪

তারিখ: ১৫ আষাঢ় ১৪২৯ / ২৯ জুন ২০২২

নির্দেশক্রমে জানানো যাচ্ছে যে, সরকার জাতীয় ডিজিটাল কমার্স নীতিমালা ২০১৮ (২০২০ সালে সংশোধিত)" এর অনুচ্ছেদ ৩.৩.৬ অনুসারে প্রস্তুতকৃত ''ডিজিটাল বিজনেস আইডেনডিটি (ডিবিআইডি) নিবন্ধন নির্দেশিকা ২০২২" অনুমোদন করেছেন, তা এতদ্বারা প্রকাশ করা হলো।

০২। ডিজিটাল বিজনেস আইডেনডিটি (ডিবিআইডি) নিবন্ধন নির্দেশিকা ২০২২ অবিলম্বে কার্যকর হবে।

২৯/০৬/২০২২

মোঃ হাফিজুর রহমান
মহাপরিচালক

## **ডিজিটাল বিজনেস আইডেনটিটি (ডিবিআইডি) নিবন্ধন নির্দেশিকা ২০২২**

**প্রস্তাবনা**

"জাতীয় ডিজিটাল কমার্স নীতিমালা ২০১৮ (২০২০ সালে সংশোধিত)" এর অনুচ্ছেদ ৩.৩.৬ অনুসারে এই ''ডিজিটাল বিজনেস আইডেনডিটি (ডিবিআইডি) নিবন্ধন নির্দেশিকা ২০২২" প্রণয়ন করা হইল।

**অধ্যায় – ১**

**সংক্ষিপ্ত শিরোনাম, প্রয়োগ ও প্রবর্তন**

১.১ **সংক্ষিপ্ত শিরোনাম, প্রয়োগ ও প্রবর্তন**

"জাতীয় ডিজিটাল কমার্স নীতিমালা ২০১৮ (২০২০ সালে সংশোধিত)" এর অনুচ্ছেদ ৩.৩.৬ অনুসারে এই ''ডিজিটাল বিজনেস আইডেনডিটি (ডিবিআইডি) নিবন্ধন নির্দেশিকা ২০২২" প্রণয়ন করা হইল।

১) সংক্ষিপ্ত শিরোনাম: ''ডিজিটাল বিজনেস আইডেনডিটি (ডিবিআইডি) নিবন্ধন নির্দেশিকা ২০২২" নামে অভিহিত হইবে।

২) প্রয়োগ : ইহা সমগ্র বাংলাদেশে প্রয়োগ হইবে।

৩) অধিক্ষেত্র: এই নির্দেশিকা শুধুমাত্র ডিজিটাল কমার্স প্রতিষ্ঠানের ক্ষেত্রে প্রযোজ্য হইবে।

৪) প্রবর্তন: ইহা অবিলম্বে কার্যকর হইবে।

১.২ **সংজ্ঞা: বিষয় বা প্রসঙ্গের পরিপন্থি কিছু না থাকলে এ নির্দেশিকা**

(১) "ডিজিটাল কমার্স (Digital Commerce)" অর্থ ইলেক্ট্রনিক/ডিজিটাল বাণিজ্য যা ইন্টারনেট ও অন্যান্য ডিজিটাল নেটওয়ার্ক এর মাধ্যমে ডিজিটাল ডিভাইস ব্যবহার করে সকল প্রকার পন্য ও সেবা ক্রয়-বিক্রয় সম্পাদন হইয়া থাকে।

(২) “ডিবিআইডি” অর্থ ডিজিটাল বিজনেস আইডি যাহা ডিজিটাল কমার্স পরিচালনা নির্দেশিকা-২০২১ এর ১২.১৩ এ ইউনিক বিজনেস আইডেন্টিফিকেশন নম্বর (UBID) হিসেবে উল্লেখ করা হয়েছে। এই ডিবিআইডি সিস্টেম প্রদত্ত অনন্য বা ইউনিক হইবে।

(৩) “কর্তৃপক্ষ” অর্থ বাণিজ্য মন্ত্রণালয় ও যৌথ মূলধন কোম্পানী ও ফার্মসমূহের পরিদপ্তর (আরজেএসসি) কে বুঝাইবে।

(৪) “কেন্দ্রীয় ডিজিটাল কমার্স সেল” অর্থ বাণিজ্য মন্ত্রণালয়ের নিয়ন্ত্রণাধীন কমার্স সেলকে বুঝাইবে।

(৫) “রেজিস্ট্রার বা নিবন্ধক” অর্থ যৌথ মূলধন কোম্পানী ও ফার্মসমূহের পরিদপ্তর (আরজেএসসি) এর রেজিস্ট্রার বা নিবন্ধককে বুঝাইবে।

(৬) “দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা” অর্থ কর্তৃপক্ষ কর্তৃক নিয়োগকৃত বা নিয়োজিত কর্মকর্তা যিনি ডিবিআইডি ইস্যু করার এক বা একাধিক ধাপে জড়িত থাকিবেন।

(৭) “সুপারিশকারী সংস্থা” অর্থ সরকার কর্তৃক অনুমোদিত যে ব্যবসায়িক/উদ্যোক্তা সংগঠনকে বুঝাইবে।

## অধ্যায়-২
## লক্ষ্য ও উদ্দেশ্য

### ২.১ লক্ষ্য

জাতীয় ডিজিটাল কমার্স (২০২০ সালে সংশোধিত) নীতিমালা-২০১৮ এবং জাতীয় ডিজিটাল কমার্স পরিচালনা নির্দেশিকা, ২০২১ এর সফল বাস্তবায়নের জন্য সকল ডিজিটাল কমার্স প্রতিষ্ঠানকে নিবন্ধনপূর্বক ডিজিটাল কমার্স সেক্টরে শৃঙ্খলা আনয়ন এবং ক্রেতা ও বিক্রেতার মধ্যে একটি বিশ্বাসযোগ্য পরিবেশ তৈরি করা।

### ২.২ উদ্দেশ্য

২.২.১ ডিজিটাল কমার্স প্রতিষ্ঠানসমূহের কার্যক্রমে স্বচ্ছতা, দায়বদ্ধতা ও জবাবদিহিতা প্রতিষ্ঠাকল্পে নিবন্ধন করা।

২.২.২ দেশের ডিজিটাল কমার্স প্রতিষ্ঠানের প্রকার ভিত্তিক তালিকা প্রস্তুত করা।

২.২.৩ দেশের প্রচলিত আইন ও বিধিবিধান মেনে চলা ডিজিটাল কমার্স প্রতিষ্ঠান ও উদ্যোক্তাকে আনুষ্ঠানিক স্বীকৃতি প্রদান।

## অধ্যায়-৩

## ডিবিআইডি নিবন্ধন কর্তৃপক্ষ ও ইহার ক্ষমতা

৩.১ যৌথ মূলধন কোম্পানি ও ফার্মসমূহের পরিদপ্তর (আরজেএসসি), বাণিজ্য মন্ত্রণালয় ডিবিআইডি'র নিবন্ধন, সংশোধন ও সংরক্ষণকারী কর্তৃপক্ষ হিসাবে কাজ করিবে।

৩.২ কর্তৃপক্ষ এ নির্দেশিকা অনুসারে ডিবিআইডি নিবন্ধন, সনদ প্রদান, সংরক্ষণ, এবং এই গাইডলাইনে উল্লেখিত পদ্ধতিতে পরিবর্তন ও প্রয়োজনে বাতিল করিতে পারিবে।

## অধ্যায় -৪

## ডিবিআইডি নিবন্ধন প্রক্রিয়া

### ৪.১ ডিবিআইডি'র আবেদন প্রক্রিয়া

৪.১.১ ডিজিটাল কমার্স পরিচালনাকারী ব্যক্তি বা প্রতিষ্ঠান বা আইনানুগ ক্ষমতাপ্রাপ্ত ব্যক্তি সংযুক্তি "ক" ফরম অনলাইনে পুরণের মাধ্যমে ডিবিআইডি'র জন্য আবেদন করিতে পারিবে।

৪.১.২ অনলাইন আবেদনে নিম্নে বর্ণিত তথ্য ও প্রমাণাদি প্রদান করিতে হইবে।

- আবেদনকারীর জাতীয় পরিচয়পত্রের নম্বর
- প্রতিষ্ঠানের চেয়ারম্যানের জাতীয় পরিচয়পত্রের নম্বর (প্রযোজ্যক্ষেত্রে)
- পরিচালকগণের জাতীয় পরিচয়পত্রের নম্বর (প্রযোজ্যক্ষেত্রে)
- বাড়ীর মালিকের জাতীয় পরিচয়পত্রের নম্বর (প্রযোজ্যক্ষেত্রে)
- ট্রেড লাইসেন্সের কপি (যদি থাকে)
- কোম্পানি রেজিস্ট্রেশন নম্বর (যদি থাকে)

- ভ্যাট নিবন্ধন নম্বর (যদি থাকে)
- আয়কর নিবন্ধন নম্বর (যদি থাকে)
- ভাড়া অফিসের ক্ষেত্রে বাড়ী/ফ্ল্যাটের মালিকের সাথে সম্পাদিত চুক্তির দলিলের কপি

৪.১.৪ "ডিজিটাল কমার্স পরিচালনা নির্দেশিকা ২০২১" এর ৩.১.৩ ও ৩.১.৪ এ যাহা নিষিদ্ধ করা হইয়াছে সে সকল ব্যবসার সাথে জড়িত প্রতিষ্ঠান বা ব্যক্তি ডিবিআইডি'র জন্য বিবেচিত হইবে না।

**৪.২ ডিজিটাল কমার্স প্রতিষ্ঠানের নাম যাচাই**

(১) আবেদন প্রাপ্তির পর আরজেএসসি আবেদনকারী ডিজিটাল কমার্স প্রতিষ্ঠানের নামে ইতোপূর্বে ডিবি আইডি নিবন্ধিত হইয়াছে কিনা তাহা যাচাই করিবেন। একই নামে একাধিক প্রতিষ্ঠানকে ডিবিআইডি প্রদান করা যাইবে না। একই নামে পূর্বে কোন প্রতিষ্ঠান নিবন্ধিত হইয়া থাকিলে পরবর্তি আবেদন বাতিল ঘোষণা করিয়া তাহা আবেদনকারীকে স্বয়ংক্রিয় ই-মেইলের মাধ্যমে কারণ উল্লেখপূর্বক জানাইয়া দিতে হইবে।

(২) কর্তৃপক্ষ ডিজিটাল কমার্স প্রতিষ্ঠানের নামে অন্য কোন প্রতিষ্ঠান না থাকিলে আবেদনটি নিবন্ধন প্রক্রিয়াকরণের জন্য গ্রহণ করিবেন এবং যাচাই বাছাইয়ের জন্য সংশ্লিষ্ট সুপারিশকারী সংস্থা বরাবর প্রেরণ করিবেন।

(৩) কোন প্রতিষ্ঠান বা ব্যক্তি তথ্য গোপন করিয়া অন্য কোন ব্যক্তি বা প্রতিষ্ঠানের নাম ব্যবহার করিয়া ডিবিআইডি গ্রহন করিলে, যদি সঠিক তথ্য জানা যায় অথবা সঠিক ব্যক্তি বা প্রতিষ্ঠান অভিযোগ/আবেদন দাখিল করিলে তাৎক্ষনিকভাবে ইস্যুকৃত উক্ত ডিবিআইডি বাতিল হইয়া যাইবে।

(৪) দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা/ সুপারিশকারী সংস্থা নিম্নবর্ণিত তথ্যাদি যাচাই বাছাই করিয়া অনলাইন ডিবিআইডি সিস্টেমের মাধ্যমে মতামতসহ উপস্থাপন করিবেন:

ক) ডিজিটাল কমার্স প্রতিষ্ঠানের স্বক্রিয় ওয়েবসাইট বা সামাজিক যোগাযোগ মাধ্যমে স্বক্রিয় পেইজ থাকিতে হইবে;

খ) ওয়েবসাইটে বা সামাজিক যোগাযোগ মাধ্যমে বাংলায় লিপিবদ্ধ ক্রয়-বিক্রয় এবং অন্যান্য শর্তাবলী (টার্মস এন্ড কন্ডিশন) সংযুক্ত থাকিতে হইবে; যেখানে সুস্পষ্টভাবে ডেলিভারীর সময়সীমা, মূল্যফেরত, পণ্যফেরত, বিক্রয়োত্তর সেবা ইত্যাদি বিষয় সুস্পষ্টভাবে লিপিবদ্ধ থাকিতে হইবে।

৪.২.৫ অনুচ্ছেদ ৪.২.৪ অনুযায়ী আবেদনকারীর আবেদন সঠিক পাওয়া গেলে সংশ্লিষ্ট কর্মকর্তা আবেদনটি অনুমোদনের জন্য রেজিস্ট্রার/উর্ধ্বতন কর্তৃপক্ষ বরাবর উপস্থাপন করিবেন। অন্যথায় কারণ উল্লেখসহ আবেদনটি বাতিল করার জন্য রেজিস্ট্রার/উর্ধ্বতন কর্তৃপক্ষ বরাবর উপস্থাপন করিবেন।

৪.২.৬ আবেদনকারী প্রতিষ্ঠান এসএমই ফাউন্ডেশন, ই-ক্যাব, বা অন্য কোন ডিজিটাল কমার্স সংগঠনের বা সরকার অনুমোদিত যেকোনো ট্রেড এসোসিয়েশন এর সদস্য হইলে সংশ্লিষ্ট সংগঠনের সুপারিশের ভিত্তিতে উক্ত প্রতিষ্ঠানকে ডিবিআইডি প্রদান করা যাইবে।

৪.২.৭ যাচাই বাছাইকৃত আবেদন সঠিক হইলে রেজিস্ট্রার বা তাহার মনোনীত দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা প্রাপ্ত আবেদন মঞ্জুর করিবেন এবং আবেদনকারীর অনুকুলে স্বয়ংক্রিয় পদ্ধতিতে সৃষ্ট একটি ডিজিটাল সনদ ইস্যু করিবেন।

৪.২.৮ যদি কোন কারণে আবেদনটি সনদ প্রদানের অনুপযোগী হয়, তাহা হইলে কারণ উল্লেখ পূর্বক তাহা আবেদনকারীকে জানানো হইবে।

৪.২.৯ যেকোন ব্যক্তিকে প্রতিটি ব্যবসা প্রতিষ্ঠানের জন্য ভিন্ন ভিন্ন ডিবিআইডি গ্রহন করিতে হইবে।

৪.২.১০ একটি ডিজিটাল কমার্স প্রতিষ্ঠানের একাধিক শাখা থাকিলেও সকল শাখার জন্য একটিমাত্র ডিবিআইডি প্রদান করা হইবে।

৪.২.১১ কোনো অবস্থাতেই একটি প্রতিষ্ঠানের একাধিক ডিবিআইডি অথবা একই ডিবিআইডি একাধিক প্রতিষ্ঠানের নামে ইস্যু করা যাইবে না।

**৪.৩ ডিবিআইডি'র প্রদর্শন**

৪.৩.১ ডিবিআইডি প্রাপ্ত প্রত্যেক ব্যক্তি বা প্রতিষ্ঠান তাহার জন্য প্রযোজ্য ওয়েবসাইটে বা সামাজিক যোগাযোগ মাধ্যমের পেইজে বাধ্যতামূলকভাবে ডিবিআইডি প্রদর্শন করিবেন। তবে কোন প্রতিষ্ঠানের ডিবিআইডি স্থগিত বা বাতিল হইলে তাহা কোন ওয়েবসাইট বা সামাজিক যোগাযোগ মাধ্যমে প্রদর্শন বা ব্যবহার করা যাইবে না।

**৪.৪ ডিবিআইডি সংশোধন ও সংরক্ষণ**

৪.৪.১ আবেদনকারী কর্তৃক কোন তথ্য সংশোধনের আবেদন করা হইলে যাচাই বাছাই ক্রমে কর্তৃপক্ষ তা সংশোধন করিবেন।

৪.৪.২ কোন ব্যক্তি বা প্রতিষ্ঠানের তথ্য পরিবর্তিত হইলে এবং তিনি বা ঐ প্রতিষ্ঠান সংশোধন করার জন্য আবেদন না করিলে কর্তৃপক্ষ স্বেচ্ছায় উক্ত তথ্য পরিবর্তন করিবেননা। তবে ইহার জন্য কোন জটিলতা তৈরি হইলে সংশ্লিষ্ট ব্যক্তি বা প্রতিষ্ঠান দায়ী থাকিবেন।

**৪.৫ ডিবিআইডি স্থগিত ও বাতিল করণ**

৪.৫.১ ডিবিআইডি'র আবেদনে কোন ভুল বা মিথ্যা তথ্য প্রদান করা হইলে বা কোন ডিজিটাল কমার্স প্রতিষ্ঠান পরবর্তিতে জাতীয় ডিজিটাল কমার্স পলিসি, ২০১৮ (২০২০ সালে সংশোধিত), ডিজিটাল কমার্স পরিচালনা নির্দেশিকা ২০২১, ডিজিটাল সিকিউরিটি এ্যাক্ট ২০১৮ বা দেশে প্রচলিত অন্য কোন আইনের পরিপন্থি কোন কার্যকলাপে নিয়োজিত হইলে কর্তৃপক্ষ যাচাই বাছাইপূর্বক সংশ্লিষ্ট প্রতিষ্ঠানের ডিবিআইডি স্থগিত বা বাতিল করিতে পারিবেন।

৪.৫.২ কোন আবেদনকারী মিথ্যা বা ভুল তথ্য প্রদান করিলে তাহার নামে ইস্যুকৃত ডিবিআইডি স্থগিত বা বাতিল করার পাশাপাশি তাহার বিরুদ্ধে কর্তৃপক্ষ আইনানুগ ব্যবস্থা গ্রহন করিতে পারিবে।

**৪.৬ ডিজিটাল কমার্স প্রতিষ্ঠানের আবেদনের সময়**

৪.৬.১ যেসকল ব্যক্তি বা প্রতিষ্ঠান এই নির্দেশিকা জারীর পূর্ব হইতে ব্যবসা পরিচালনা করিয়া আসিতেছে তাহাদেরকে এই নির্দেশিকা প্রকাশের ৯০ দিনের মধ্যে ডিবিআইডি'র জন্য আবেদন করিতে হইবে। তবে নতুন কোন ব্যক্তি বা প্রতিষ্ঠান ডিজিটাল প্লাটফরমে ব্যবসা শুরু করার পূর্বে ওয়েব লিংক বা সামাজিক যোগাযোগ মাধ্যমে পেইজ তৈরি করিয়া তাহার লিংক সহ ডিবিআইডি'র জন্য আবেদন করিবেন। ডিবিআইডি ব্যতিত ডিজিটাল প্লাটফরমে ব্যবসা করা যাইবেনা।

৪.৬.২ ডিজিটাল কমার্স প্রতিষ্ঠানের ওয়েবসাইট বা সামাজিক যোগাযোগ মাধ্যমে পেইজ খোলার পূর্বে ডিবিআইডি'র জন্য আবেদন করা যাইবেনা।

**৪.৭ ডিবিআইডি এর তথ্য প্রকাশ**

৪.৭.১ জনসাধারণ বা সাধারণ ভোক্তাদের সুবিধার্থে ব্যবসা প্রতিষ্ঠানের নাম, ঠিকানা, ওয়েব লিংক বা সামাজিক যোগাযোগ মাধ্যমের ওয়েব লিংকসহ নিবন্ধিত ডিজিটাল কমার্স প্রতিষ্ঠান বা সামাজিক যোগাযোগ মাধ্যম পেইজের হালনাগাদকৃত তালিকা ডিবিআইডি এর ওয়েবসাইট এবং বাণিজ্য মন্ত্রণালয় ও আরজেএসসি'র ওয়েবসাইটে প্রদর্শন করা হইবে।

## অধ্যায় ৫

## ডিজিটাল কমার্স প্রতিষ্ঠান তদারকি

৫.১ বাণিজ্য মন্ত্রণালয়ের কেন্দ্রিয় ডিজিটাল কমার্স সেল ডিজিটাল কমার্স প্রতিষ্ঠানসমূহ তদারকির দায়িত্ব পালন করিবে।

৫.২ ডিজিটাল সিকিউরিটি এজেন্সি, আইনশৃখলা বাহিনী, ন্যাশনাল টেলিকমিউনিকেশন মনিটরিং ইউনিট এবং বাংলাদেশ ব্যাংক এর পেমেন্ট সিস্টেম ডিপার্টমেন্ট ও বিএফআইইউ তাহাদের জন্য প্রযোজ্য অংশ তদারকি করিতে পারিবে।

## অধ্যায় ৬

## সংশোধন, পরিমার্জন ও পরিবর্তন এর ক্ষমতা

৬.১ কর্তৃপক্ষ সময়ে সময়ে ডিজিটাল বিজনেস আইডেনটিটি (ডিবিআইডি) নিবন্ধন নির্দেশিকা ২০২২ এর যেকোন অনুচ্ছেদ বা ইহার অংশবিশেষ সংশ্লিষ্ট অংশিজনদের সাথে আলোচনা করে তাহাদের মতামতের ভিত্তিতে সংশোধন, পরিমার্জন ও পরিবর্তন করিতে পারিবে।

**সংযুক্তি "ক":**

**নমুনা আবেদন ফর্ম**

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
বাণিজ্য মন্ত্রণালয়
কেন্দ্রিয় ডিজিটাল কমার্স সেল

ডিজিটাল কমার্স প্রতিষ্ঠানের নিবন্ধন (ডিজিটাল বিজনেস আইডেনটিফিকেশন নম্বর)
এর জন্য আবেদন

| |
|---|
| **সত্যায়িত ছবি**<br>**২ কপি** |

১। আবেদনকারীর তথ্যাদি:

ক) নাম: ...........................................................................

খ) বর্তমান ঠিকানা:

ফ্ল্যাট নং: ......................বাড়ী নং:.................রাস্তা নং:.................

গ্রাম/ওয়ার্ড:................ থানা:................... জেলা:.....................

গ) স্থায়ী ঠিকানা:

ফ্ল্যাট নং: ...................বাড়ী নং: .................রাস্তা নং:.....................

গ্রাম/ওয়ার্ড:................. থানা:................. জেলা:.......................

ঘ) জাতীয় পরিচয়পত্র নম্বর: ..........................................................

ঙ) মোবাইল নম্বর: ..................................................................

চ) ডিজিটাল কমার্স প্রতিষ্ঠানে আবেদনকারীর পদবী: ......................................

[বি:দ্র: আবেদনকারী ডিজিটাল কমার্স প্রতিষ্ঠানের স্বত্বাধিকারী না হলে ক্ষমতাপত্র দাখিল করতে হবে]

২। ডিজিটাল কমার্স প্রতিষ্ঠানের তথ্যাদি:

ক) ব্যবসা প্রতিষ্ঠানের নাম: ..........................................................

খ) ওয়েব লিংক: ...................................................................

গ) অফিসের ঠিকানা: ....................................................................................................

ফ্ল্যাট নং: ........................বাড়ী নং: ..........................রাস্তা নং:..............................

গ্রাম/ওয়ার্ড:.......................... থানা:.......................... জেলা:..................................

ঘ) ফোন নম্বর: ..........................................................................................................

ঙ) মোবাইল নম্বর: .....................................................................................................

চ) ইমেইল:...................................................................................................................

ছ) অফিসের জন্য ব্যবহৃত বাড়ী/ফ্ল্যাট নিজস্ব নাকি ভাড়া: ......................................................

ভাড়া হলে মালিকের নাম ও ঠিকানা:

ফ্ল্যাট নং: ........................বাড়ী নং: ..........................রাস্তা নং:..............................

গ্রাম/ওয়ার্ড:.......................... থানা:.......................... জেলা:..................................

ফোন নম্বর: ..........................................................................................................

মোবাইল নম্বর: .....................................................................................................

ইমেইল:...................................................................................................................

জাতীয় পরিচয়পত্রের নম্বর: ...................................................................................

জ) ট্রেড লইসেন্স নম্বর (যদি থাকে):.........................................................................

ইস্যুকারী অফিসের নাম: ........................................................................................
সর্বশেষ নবায়নের তারিখ: ......................................................................................

ঝ) কোম্পানি রেজিস্ট্রেশন নম্বর (যদি থাকে): ..............................................................

ঞ) প্রয়োজনীয় যোগাযোগের জন্য নির্ধারিত ব্যক্তির নাম, মোবাইল নম্বর ও ইমেইল:

নাম: ........................................................................................................................

যোগাযোগের ঠিকানা: ............................................................................................

মোবাইল নম্বর:.......................................................................................................

ইমেইল:...................................................................................................................

ট) ডিজিটাল কমার্স প্রতিষ্ঠানের মালিকানার ধরন: একক/অংশিদারী কারবার/যৌথ মুলধন কোম্পানি।

ঠ) ডিজিটাল কমার্স প্রতিষ্ঠানের চেয়ারম্যানের নাম, ঠিকানা, জাতীয় পরিচয়পত্র নম্বর ও মোবাইল নম্বর:
চেয়ারম্যানের নাম:.................................................................................................

ঠিকানা: ..........................................................................................

জাতীয় পরিচয়পত্র নম্বর: ..........................................................................................

মোবাইল নম্বর: ..........................................................................................

ইমেইল:..........................................................................................

ড) ডিজিটাল কমার্স প্রতিষ্ঠানের ব্যবস্থাপনা পরিচালকের নাম, ঠিকানা, জাতীয় পরিচয়পত্র ও মোবাইল নম্বর:

ব্যবস্থাপনা পরিচালকের নাম:..........................................................................................

ঠিকানা: ..........................................................................................

জাতীয় পরিচয়পত্র নম্বর: ..........................................................................................

মোবাইল নম্বর: ..........................................................................................

ইমেইল:..........................................................................................

ঢ) ডিজিটাল কমার্স প্রতিষ্ঠানের অন্যান্য পরিচালকদের নাম, ঠিকানা, জাতীয় পরিচয়পত্র নম্বর ও মোবাইল নম্বর:

১) পরিচালকের নাম-১:..........................................................................................

ঠিকানা: ..........................................................................................

জাতীয় পরিচয়পত্র নম্‌বর:

..........................................................................................

মোবাইল নম্বর: ..........................................................................................

ইমেইল:..........................................................................................

২) পরিচালকের নাম-২:..........................................................................................

ঠিকানা: ..........................................................................................

জাতীয় পরিচয়পত্র নম্বর: ..........................................................................................

মোবাইল নম্বর: ..........................................................................................

ইমেইল:..........................................................................................

৩) পরিচালকের নাম-৩:..........................................................................................

ঠিকানা: ..........................................................................................

জাতীয় পরিচয়পত্র নম্বর: ..........................................................................................

মোবাইল নম্বর: ..........................................................................................

ইমেইল:..........................................................................................

৪) পরিচালকের নাম-৪:..................................................................................................

ঠিকানা: ..................................................................................................

জাতীয় পরিচয়পত্র নম্বর: ..................................................................................................

মোবাইল নম্বর: ..................................................................................................

ইমেইল:..................................................................................................

ণ) ব্যবসার ধরণ: (খুচরা বিক্রেতা/পাইকারী বিক্রেতা/রাইড শেয়ারিং/ফুড এগ্রিগেটর/অন্যান্য):................

ত) ভ্যাট নিবন্ধন নম্বর (যদি থাকে): ..................................................................................................

থ) আয়কর নিবন্ধন নম্বর (যদি থাকে): ..................................................................................................

দ) অন্যান্য তথ্যাদি (যদি থাকে):

..................................................................................................
..................................................................................................
..................................................................................................
..................................................................................................
..................................................................................................
..................................................................................................
..................................................................................................
..................................................................................................

ধ) সংযুক্ত কাগজপত্র/দলিলের বর্ণনা ও পৃষ্ঠা সংখ্যা: ..................................................................................................

..................................................................................................
..................................................................................................
..................................................................................................
..................................................................................................
..................................................................................................
..................................................................................................
..................................................................................................
..................................................................................................
..................................................................................................
..................................................................................................
..................................................................................................
..................................................................................................
..................................................................................................

আমি মর্মে ঘোষণা করছি যে, আবদনে উল্লিখিত সকল তথ্য সঠিক। আবেদনে উল্লেখিত ডিজিটাল কমার্স প্রতিষ্ঠান জাতীয় ডিজিটাল কমার্স নীতিমালা-২০২০ (সংশোধিত), ডিজিটাল কমার্স পরিচালনা নির্দেশিকা-২০২১ এবং দেশের প্রচলিত সকল আইন মেনে ব্যবসা পরিচালনা করা হয়।

স্বাক্ষর :........................................

নাম :............................................

তারিখ : ..........................................

৩। স্থানীয় চেয়ারম্যান/ ওয়ার্ড কমিশনার / গন্যমান্য ব্যক্তির সুপারিশ:

.......................................................................................................

.......................................................................................................

.......................................................................................................

.......................................................................................................

নাম :

ঠিকানা :

মোবাইল নম্বর :

৪। অফিস কর্তৃক পুরণ করতে হবে:

প্রদত্ত তথ্যাদি যাচাইক্রমে সঠিক পাওয়া গেল/সঠিক পাওয়া গেল না। আবেদনকারী প্রতিষ্ঠানের ওয়েবসাইট/ফেইসবুক পেইজ যাচাইক্রমে জাতীয় ডিজিটাল কমার্স নীতিমালা-২০২০ (সংশোধিত), ডিজিটাল কমার্স পরিচালনা নির্দেশিকা-২০২১ বা অন্যান্য আইন পরিপন্থি কোন বিষয় খুঁজে পাওয়া যায় নাই/গেছে। এমতাবস্থায় আবেদনকারী ডিজিটাল কমার্স প্রতিষ্ঠানের অনুকুলে ইউনিক বিজনেস আইডেনটিফিকেশন নম্বর প্রদান করা যেতে পারে/পারে না।

**দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তার স্বাক্ষর (সীলসহ):**

৫। আবেদনকারী ডিজিটাল কমার্স প্রতিষ্ঠানের ইউনিক বিজনেস আইডেনটিফিকেশন নম্বর:

অনুমোদনকারী কর্তৃপক্ষের স্বাক্ষর ও নাম (সীলসহ)

৬। প্রয়োজনীয় কাগজপত্রাদির তালিকা:

১. ট্রেড লাইসেন্সের সত্যায়িত কপি (যদি থাকে)
২. ভাড়া অফিসের ক্ষেত্রে বাড়ী/ফ্ল্যাটের মালিকের সাথে সম্পাদিত চুক্তির দলিলের সত্যায়িত কপি
৩. আবেদনকারী ডিজিটাল কমার্স প্রতিষ্ঠানের স্বত্বাধিকারী না হলে ক্ষমতাপত্র